

৪১৯০  
৪৮

স্টাফ রিপোর্টার, যশোর অফিস।  
ডোনেশনের কারণে যশোরে ক্লাস ওয়ানের এক সেট বই কিনতে হচ্ছে অভিভাবকদের ৯শ' ২০ টাকায়। ডোনেশনের টাকার ভাগ পাচ্ছে স্কুলের শিক্ষক এবং লাইব্রেরিগুলো। এই অবস্থায় ছেলেমেয়েদের লেখাপড়া করাতে অভিভাবকরা হিমশিম খাচ্ছে।  
যশোরে বিভিন্ন কিতাবগার্টেন স্কুলের শিক্ষকদের সাথে যশোরের লাইব্রেরিগুলোর একটি গোপন সমঝোতা হয়েছে। এর ভিত্তিতে শিক্ষকরা অব্যাহত লেবকদের বই পাঠ্য তালিকায় অন্তর্ভুক্ত করছে। বিনিময়ে শিক্ষকরা পাচ্ছেন লাইব্রেরি গুলোর কাছ থেকে প্রকৃত অভিভাবকদের কিনতে হচ্ছে অতিরিক্ত দামের বই। অনুলন্ধানে দেখা গেছে, স্থানীয় লাইব্রেরি মালিকরা টাকার অব্যাহত প্রকাশকদের মাধ্যমে যশোরের বিভিন্ন কিতাবগার্টেন স্কুলগুলোতে ডোনেশন দেয় ফুলগুলোকে। এরপর ওই সব প্রকাশকদের নিয়মানের বই সিষ্ট তৈরি করেন স্কুলের শিক্ষকরা। একবার বই পাঠ্যভুক্ত করতে পারলেই শুরু হয়

## ক্লাস ওয়ানের এক সেট বই কিনতে হচ্ছে ৯২০ টাকায়, ভাগ পাচ্ছেন শিক্ষকরাও!

লাইব্রেরি মালিকদের ব্যবস্থা। ফুলগুলোতে দেয়া ডোনেশনের উপর নির্ভর করে বইয়ের দাম। ডোনেশন বেশি হলে বইয়ের দামও বেশি। খোঁজ নিয়ে দেখা গেছে, চলতি জানুয়ারি মাসে যশোরের কেন কেন স্কুল প্রকাশকদের কাছ থেকে ডোনেশন নিয়েছে ৪০ হাজার টাকা থেকে দুই লাখ টাকা পর্যন্ত। যশোরের ওই সব কিতাবগার্টেন স্কুলগুলোর তেমন কোন ম্যানিফিস্ট কমিটি নেই। ফলে কয়েক জন শিক্ষক বসেই পাঠ্য তালিকা চূড়ান্ত করে।

এ ছাড়া কিছু সরকারী স্কুল রয়েছে, যারা পাঠ্য বইয়ের বাইরেও কিছু বই শিক্ষার্থীদের পড়িয়ে থাকে। যশোর জিলা স্কুল একনও বইয়ের পাঠ্য তালিকা প্রকাশ করেনি। পুলিশ লাইন স্কুল পাঠ্য তালিকা প্রকাশ করেছে মানের ভিত্তিতে। তবে তাদের অধিকাংশ বই কিনতে হচ্ছে যশোরের জনতা লাইব্রেরি থেকে। তাদের প্রকাশিত বই বেশি পাঠ্য তালিকায় স্থান পেয়েছে। যশোর সরকারী বাঙ্গলা বিদ্যালয়ের বিরুদ্ধে অভিযোগ

### ডেটলাইন যশোর

উঠেছে তারা এবার পাঠ্য তালিকায় হাসান বুক ডিপোর বই বেশি তালিকাভুক্ত করেছে। অভিভাবকদের এখন হাসান বুক ডিপোর বই কিনতে হচ্ছে। যার দাম তুলনামূলক বেশি। শহরের প্রিপারেটরি স্কুলও ডোনেশন নিয়েছে হাসান বুক ডিপোর কাছ থেকে। তাই তাদের পাঠ্য তালিকায় স্থান পেয়েছে তাদের বই। যশোরে কিতাবগার্টেন সমিতি তাদের ৫৭টি স্কুলের জন্য হাসান বুক ডিপোর বই পাঠ্য তালিকায় অন্তর্ভুক্ত করেছে। এ ক্ষেত্রে ডোনেশন নেয়া হয়েছে বলে অভিযোগ রয়েছে। খোঁজ নিয়ে দেখা গেছে, হাসান বুক ডিপোর প্রকাশকের এক সেট বই ৫শ' ১০ টাকা, নার্সারি ৬শ' ৬০ টাকা, কেজি ৭শ' ২৭ টাকা, প্রথম শ্রেণী ৯২০ টাকা, দ্বিতীয় শ্রেণী ৮শ' ৪২ টাকা, তৃতীয় শ্রেণী ৮শ' টাকা, চতুর্থ শ্রেণী ৯শ' টাকা এবং ৫ম শ্রেণীর বই ৯শ' টাকা দরে কিনছেন বলে অভিভাবকরা জানিয়েছেন। অনেক স্কুলে বইয়ের সাথে খাতা কিনতে বাধ্য করা হচ্ছে। এই খাতার দামও নেয়া হচ্ছে বেশি। এই অবস্থায় অভিভাবকরা হিমশিম খাচ্ছে। মধ্যবিভেদে নাগালের বাইরে চলে শিকা ব্যবস্থা।